মেহেরপুরে বিশ্ব তামাকমুক্ত দিবস পালন

মেহেরপুরে বিশ্ব তামাকমুক্ত দিবস উপলক্ষে “টেকসই তামাক নিয়ন্ত্রণে বেসরকারি সংগঠনের সম্পৃক্ততা” শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

সুবাহ সামাজিক উন্নয়ন সংস্থার আয়োজনে শনিবার আমঝুপির সুবাহ সামাজিক উন্নয়ন সংস্থার সভাকক্ষে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

সংস্থার নির্বাহী পরিচালক মঈন-উল-আলমের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আমঝুপি ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান সরিয়াজুল ইসলাম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ক্যাব মেহেরপুর জেলা শাখার সভাপতি রফিকুল আলম।

এছাড়াও আলোচনায় অংশগ্রহণ করেন ইউপি সদস্য মোঃ আশাদুল হক, মোঃ আরফি হোসেন, মোঃ মকবুল হোসেন এবং সংরক্ষিত মহিলা সদস্য মোছাঃ আনজুমান আরা, সোসাইটি ফর দ্য প্রোমোশন অব হিউম্যান রাইটসের নির্বাহী পরিচালক আবু আবেদিন প্রমুখ।

আলোচনায় তামাকজাত দ্রব্যের ক্ষতিকর প্রভাব এবং এর নিয়ন্ত্রণে ইউনিয়ন পরিষদের বাজেটে বরাদ্দ রাখার গুরুত্ব তুলে ধরা হয়।
এ সময় প্রধান অতিথি সরিয়াজুল ইসলাম ধূমপান ও তামাকজাত দ্রব্য নিয়ন্ত্রণে ইউনিয়ন পরিষদের বাজেটে বরাদ্দ রাখার ঘোষণা দেন।

মুজিবনগরে ৫৩তম জাতীয় সমবায় দিবস পালন

“সমবায়ে গড়ব দেশ, বৈষম্যহীন বাংলাদেশ” এই স্লোগানকে সামনে রেখে মেহেরপুরের মুজিবনগরে র্যালি, আলোচনা সভা ও পুরস্কার বিতরণীর মধ্য দিয়ে পালিত হয়েছে ৫৩তম জাতীয় সমবায় দিবস।

দিবসটি উপলক্ষে আজ শনিবার (০২ নভেম্বর) সকালে উপজেলা পরিষদ চত্বরে থেকে বর্ণাঢ্য র্যালি বের হয়ে প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে উপজেলা পরিষদ মিলনায়তনে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

মুজিবনগর উপজেলা সমবায় অফিসার মাহবুবুল হক মন্টুর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন উপজেলা নির্বাহী অফিসার খায়রুল ইসলাম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ও বক্তব্য রাখেন, মুজিবনগর থানার অফিসার ইনচার্জ (ওসি) মিজানুর রহমান, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা: খন্দকার সানজিদা আক্তার, মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি ওমর ফারুক প্রিন্স, মুজিবনগর প্রেসক্লাবের সাধারণ সম্পাদক হাসান মোস্তাফিজুর রহমান (শের খাঁন), বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সমন্বয়ক আরিফ খান, তুষার, মুজিবনগর উপজেলা মাধ্যমিক শিক্ষক সমিতির সভাপতি ও গোপালনগর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক জহুরুল ইসলাম।

এ ছাড়াও বক্তব্য রাখেন, গোপালনগর কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়নের সাবেক সভাপতি মাহফুজ আলম, সুপ্রতিবেশি মহিলা সমবায় সমিতির সভাপতি রেহেনা খাতুন প্রমুখ।

আলোচনা শেষে শ্রেষ্ঠ সমবায় সমিতি গোপালনগর কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ, সুপ্রতিবেশি মহিলা সমবায় সমিতি এবং শ্রেষ্ঠ সমবায়ী হিসেবে জহুরুল হককে পুরস্কৃত করা হয়।

অনুষ্ঠানে প্রিন্ট ও ইলেকট্রিক মিডিয়ার সাংবাদিক, উপজেলার বিভিন্ন সমবায় সমিতির কর্মকর্তা কর্মচারী এবং সমবায়ীরা উপস্থিত ছিলেন।

মুজিবনগরে বিভিন্ন দিবস পালনের প্রস্তুতি সভা অনুষ্ঠিত

মুজিবনগরে ৫ই আগস্ট বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ

কামালের ৭৫ তম জন্মবার্ষিকী এবং ১৫ আগস্ট জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাহাদত বার্ষকী ও জাতীয় শোক দিবস পালন উপলক্ষে প্রস্তুতি সভা করেছে মুজিবনগর উপজেলা প্রশাসন।

আজ মঙ্গলবার সকাল ১১ টার দিকে উপজেলা প্রশাসনের আয়োজনে, উপজেলা পরিষদ অডিটরিয়ামে এই প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়।

প্রস্তুতি সভায় উপজেলা নির্বাহী অফিসার খায়রুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আবাসিক মেডিকেল অফিসার ডা: মেহেদী হাসান, মুজিবনগর থানার সেকেন্ড অফিসার এসআই আব্দুর রাজ্জাক, মুজিবনগর উপজেলা ভাইস চেয়ারম্যান জাহিদ হাসান রাজিব, বীর মুক্তিযোদ্ধা লুৎফর রহমান, বীর মুক্তিযোদ্ধা হাজী আহসান আলী খানসহ উপজেলা পরিষদের কর্মকর্তা, স্কুলের প্রধান শিক্ষক এবং সুধীবৃন্দ।

প্রস্তুতি সভায় ৫ই আগস্ট বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামালের জন্মবার্ষিকী এবং ১৫ আগস্ট জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষে সবার মতামতের ভিত্তিতে দিনব্যাপী বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়।

মুজিবনগরে বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস পালন

১০ই জানুয়ারী ১৯৭২ সালের এই দিনে পাকিস্তানের সেই অন্ধকার প্রকোষ্ঠ থেকে মুক্তি পেয়ে বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তনের মধ্য দিয়ে পূর্ণতা পায় বাংলাদেশের স্বাধীনতা। পাকিস্তান থেকে লন্ডন, লন্ডন থেকে দিল্লি এবং দিল্লি থেকে স্বাধীন বাংলাদেশে প্রত্যাবর্তন বঙ্গবন্ধুর এই যাত্রা ছিল অন্ধকার থেকে আলোর পথে

যাত্রা।

সেই বিশেষ দিনটিকে স্মরণ করতে মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের আয়োজনে, হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বদেশ প্রত্যাবর্তন দিবস পালন করা হয়েছে।

দিবসটি পালন উপলক্ষে মঙ্গলবার সকালে মুজিবনগর মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্স গেট থেকে উপজেলা আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম তোতার নেতৃত্বে একটি র্যালী বের হয়ে বঙ্গবন্ধুর প্রতিকৃতির পাদদেশে গিয়ে শেষ হয়। সেখানে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পন করে শ্রদ্ধা জ্ঞাপন করা হয়।

পুষ্পস্তবক অর্পণ করেন উপজেলা আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা, সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ, বাগোয়ান ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি মুজিবুর রহমান মধু, সম্পাদক নজরুল ইসলাম। দারিয়াপুর ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি মোস্তাকিম হক খোকন কমান্ডার, মহাজনপুর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আব্দুর রহমান বল্টু, উপজেলা কৃষকলীগের সভাপতি জাহিদ হাসান রাজীব,সম্পাদক শাহিনুর রহমান মানিক, উপজেলা স্বেচ্ছাসেবক লীগের সহ-সভাপতি মতিউর রহমান মতিন, যুব নেতা হাসানুজ্জামান লালটু,আব্দুর রাজ্জাক সহ বিভিন্ন ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি সাধারণ সম্পাদক সহ আওয়ামী লীগের অঙ্গ সংগঠনের নেতাকর্মীবৃন্দ।